



# বিকেএসপি

## সাপ্তাহিক তথ্য প্রবাহ

(০৭/০১/২০২৪ - ১৪/০১/২০২৪)



### নবনিযুক্ত ক্রীড়া মন্ত্রীকে মহাপরিচালকের শুভেচ্ছা জ্ঞাপন

গত ১৪ জানুয়ারি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভা কক্ষে নবনিযুক্ত মাননীয় মন্ত্রী জনাব নাজমুল হাসান, এমপি কে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা অভিনন্দন জানান বিকেএসপির মহাপরিচালক সৈয়দ মোঃ মোতাহের হোসেন।

### মহাপরিচালকের নেতৃত্বে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান

গত ১০ জানুয়ারি বিকেএসপি'তে বসবাসরত কর্মচারীদের আবাসিক এলাকা পরিচ্ছন্ন রাখার উদ্দেশ্যে নবাগত মহাপরিচালক সৈয়দ মোঃ মোতাহের হোসেন এক পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযানের নেতৃত্ব দেন। তিনি এ অভিযানকে সফল করতে সকলের প্রতি আহ্বান জানান।



### অ-১৮ ক্রিকেট দলের সাথে মহাপরিচালকের সৌজন্য সাক্ষাৎ

গত ১০ জানুয়ারি বিসিবি আয়োজিত শেখ কামাল অ-১৮ ন্যাশনাল ক্রিকেট টুর্নামেন্ট ২০২৩-২৪ এ অংশগ্রহণের জন্য গঠিত বিকেএসপি দলের সাথে মহাপরিচালক সৈয়দ মোঃ মোতাহের হোসেন এর সৌজন্য সাক্ষাৎ।

## বিকেএসপির প্রশিক্ষণার্থীদের ছুটি শেষে প্রতিষ্ঠানে প্রত্যাবর্তন

গত ১২-১৩ জানুয়ারি বিকেএসপির সকল প্রশিক্ষণার্থীরা শীতকালীন ছুটি শেষে প্রতিষ্ঠানে প্রত্যাবর্তন করেছে। দীর্ঘ ১৪ দিনের ছুটি শেষে প্রশিক্ষণার্থীরা নতুন বছর ২০২৪ সালের প্রশিক্ষণ ও শিক্ষা কার্যক্রমে নিজেদেরকে আত্মনিয়োগ করবে। উল্লেখ্য গত ২৮ ডিসেম্বর প্রশিক্ষণার্থী বার্ষিক পরীক্ষা শেষে গৃহে গমন করে।



## বিকেএসপি স্পোর্টস কার্নিভাল-২০২৪

১৪ জানুয়ারি থেকে বিকেএসপি কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে শুরু হয়েছে বিকেএসপি স্পোর্টস কার্নিভাল-২০২৪। মোট ৬টি খেলায় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে এ গুলো হচ্ছে- ব্যাডমিন্টন, দাবা, ক্যারাম, টেবিল টেনিস, লন টেনিস ও প্লেয়িং কার্ড (ইন্টারন্যাশনাল ব্রিজ)। আগামী ১৮ জানুয়ারি কার্নিভালটি শেষ হবে।

## নবাগত মহাপরিচালকের আঞ্চলিক কেন্দ্র পরিদর্শন

গত ১৩ জানুয়ারি বিকেএসপির নবাগত মহাপরিচালক সৈয়দ মোঃ মোতাহের হোসেন প্রথমবারের মত বিকেএসপির আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র চট্টগ্রাম পরিদর্শন করেন। তিনি সকলের সাথে পরিচিত হন এবং কেন্দ্রটি ঘুরে দেখেন। মহাপরিচালক কেন্দ্র পরিদর্শনে সন্তোষ প্রকাশ করার পাশাপাশি আঞ্চলিক কেন্দ্রটির কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

